ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৫৯৮

শান্তিরবাজার,৩১ জানুয়ারি,২০২৫

**বিলোনীয়ায় আবাসিক জনজাতি ছাত্রছাত্রীদের ফুটবল প্রতিযোগিতা**

বিলোনীয়ার বিকেআই মাঠে আজ দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক আবাসিক জনজাতি ছাত্রছাত্রীদের মধ্যে ফুটবল প্রতিযোগিতা শুরু হয়েছে। দু'দিনব্যাপী এই প্রতিযোগিতার উদ্বোধন করেন বিলোনীয়া পুরপরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিধায়ক মাইলাফ্রু মগ, জেলাশাসক ও সমাহর্তা স্মিতা মল, জেলা কল্যাণ আধিকারিক পারেন্দ্র দাস প্রমুখ। ভগবান বিরসা মুন্ডার জন্ম সার্ধশতবার্ষিকী উপলক্ষ্যে এই প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে অতিথিগণ ভগবান বিরসা মুন্ডার পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। প্রতিযোগিতায় জেলার ছাত্রীদের তিনটি দল ও ছাত্রদের তিনটি দল অংশ নিয়েছে।

*****